



পশ্চিমবঙ্গ সরকার
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের করণ
মুর্শিদাবাদ

স্মারক সংখ্যা : ৪১৬ তথ্য/মুর্শি,

তারিখ : ২০.০৬.২১

দরপত্র আহ্বান

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ সংক্রান্ত একটি টাটা ৪০৭ বা ঐ জাতীয় গাড়ি ট্যাবলো (২টি বস, ২টি হর্ণ, ৬টি মাইক্রোফোন, চালকসহ মাইক সেট ও একজন ফটোগ্রাফারসহ সুসজ্জিত করে দপ্তরের নির্দেশ মত জেলার ৫টি মহকুমার বিভিন্ন স্থানে পরিভ্রমণ করতে হবে। প্রয়োজনে সরকারী ছুটির দিনেও এই প্রচার কাজটি করতে হতে পারে। এই বিষয় আগ্রহী ব্যক্তি বা সংস্থার পক্ষ থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে।

নিয়মাবলী :-

- ০১। দরপত্র সিলকরা খামে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।
- ০২। দরপত্রের সঙ্গে (ক) ব্যক্তি / সংস্থার নামে ট্রেড লাইসেন্স (খ) ব্যক্তি / সংস্থার নামে কারেন্ট একাউন্ট (গ) ব্যক্তি / সংস্থার নামে জি.এস.টি. রিটার্ন (ঘ) ইনকাম ট্যাক্স সার্টিফিকেট (ঙ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (চ) প্যান কার্ড (ছ) যথার্থ মেল আইডি. এবং মোবাইল নং অবশ্যই থাকতে হবে।
- ০৩। গাড়ির তেল ও মোবিল (৮০ থেকে ১০০ কি.মি.) , চালকের খরচ, প্রয়োজনীয় মেরামতি এবং টোল ট্যাক্স সহ সমস্ত খরচ ব্যক্তি / সংস্থাকে বহন করতে হবে।
- ০৪। প্রতি গাড়ির জন্য প্রতিদিন হিসাবে দরপত্র প্রদান করতে হবে।
- ০৫। উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে কর্তৃপক্ষের সঙ্গে সবারকম সহযোগিতা করতে হবে।
- ০৬। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮/০৮/২০২১ দুপুর ৩টায়।
- ০৭। দরপত্র খোলার তারিখ ১৮/০৮/২০২১ বিকেল ৪টায়।
- ০৮। কোন কারন না দেখিয়ে যে কোন সময় দরপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষের থাকবে।
- ০৯। উদ্ভূত বিশেষ পরিস্থিতিতে ১৮/০৮/২০২১ তারিখ দপ্তরের কাজকর্ম স্থগিত থাকলে অব্যাহিত পরের কাজের দিন দরপত্র সমূহ গ্রহণ ও খোলা হবে।
- ১০। নিয়মাবলী পালন বা উল্লিখিত কাজে অবহেলা পরিলক্ষিত হলে সমস্ত চুক্তি বাতিলের অধিকার দপ্তরের থাকবে।

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক
মুর্শিদাবাদ

তারিখ : ২০.০৬.২১

স্মারকসংখ্যা : ৪১৬ / ১(১১) তথ্য/মুর্শি,

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল :

- ০১। মাননীয় সচিব, জেলা পরিষদ, মুর্শিদাবাদ।
- ০২। মাননীয় নেজারৎ ডেপুটি কালেক্টর, বহরমপুর, মুর্শিদাবাদ।
- ০৩। মাননীয় পোস্ট মাস্টার, হেড পোস্ট অফিস, বহরমপুর, মুর্শিদাবাদ।
- ০৪। মাননীয় ডি.আই.ও. এন.আই.সি. মুর্শিদাবাদ জেলা ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ জানাই।
- ০৫- ০৯। মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, কান্দী / লালবাগ / জঙ্গীপুর / ডোমকল / বহরমপুর (সদর)।
- ১০। রবীন্দ্র সদন নোটিস বোর্ড, বহরমপুর, মুর্শিদাবাদ।
- ১১। অফিস নোটিস বোর্ড।

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক
মুর্শিদাবাদ